



`Curriculum and Accreditation' শীর্ষক ভার্চুয়াল ওয়ার্কশপ অনুষ্ঠিত



IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে রসায়ন বিভাগে গত ১১ জানুয়ারি ২০২১ তারিখে `Curriculum and Accreditation' শীর্ষক ভার্চুয়াল ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. কামরুল আলম খানের সভাপতিত্বে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বিশেষ অতিথি হিসেবে ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। এসময় রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শামছুন নাহার এবং IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. রাজিনা সুলতানা বক্তব্য প্রদান করেন। সঞ্চালনায় ছিলেন IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদা। ওয়ার্কশপে রসায়ন বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।